



Embassy of the of United States of America

## **বিবাহ সনদপত্রের নির্দেশাবলী**

বাংলাদেশের নাগরিক আইন অনুযায়ী শুধুমাত্র একজন মুসলিম বিবাহ রেজিস্ট্রার অথবা কাজী মুসলিম বিবাহ নিবন্ধন করতে পারেন। মুসলিম বিবাহ নিবন্ধন অত্যাবশ্যকীয়।

### **মুসলিম বিবাহঃ**

আবেদনকারীকে কাজীর সাথে যোগাযোগ করতে হবে। এই কাজী মুসলিম বিবাহের দলিল অর্থাৎ নিকাহনামা (বাংলায় ও ইংরেজিতে) সংগ্রহ করবেন। দুটি নিকাহনামাই সাক্ষাত্কারের সময় জমা দিতে হবে।

- মুসলিম বিবাহ এবং বিবাহ বিচ্ছেদ নিবন্ধন আইনের সেকশন ৫(১) অনুযায়ী, " যখন কোন বিবাহ শুধুমাত্র কাজী দ্বারা সম্পন্ন করা হয়, তখন তাকে (কাজী) অবিলম্বে বিবাহটি নিবন্ধন করতে হবে।"
- সেকশন ৫(২) অনুযায়ী, যখন কোন বিবাহ কাজী ব্যতীত অন্য কোন ব্যক্তি দ্বারা সম্পন্ন হয়, তখন উক্ত বিবাহের বরকে বিবাহ সম্পন্নের ত্রিশ দিনের মধ্যে বিবাহ নিবন্ধকের কাছে বিবাহ নিবন্ধন করতে হবে।"
- সেকশন ৫(১) অনুযায়ী, "উপ-ধারা (২)-এর অধীনে, যখন কোন বিবাহ সম্পর্কে কাজীকে জানান হয়, তখন কাজীকে তৎক্ষণাত্ বিবাহটি নিবন্ধন করতে হবে।"

মুসলিম বিবাহ নিবন্ধন সম্পর্কিত আরও তথ্য জানতে ক্লিক করুন এখানেঃ

<http://bdlaws.minlaw.gov.bd/act-476.html>

### **হিন্দু/খ্রীষ্টান/বৌদ্ধ বিবাহঃ**

হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২, অনুযায়ী বাংলাদেশে যখন কোন হিন্দু বিবাহ সম্পন্ন হয় তখন উক্ত বিবাহ নিবন্ধন করা হয় আবেদনকারীর বাসস্থানের এলাকার হিন্দু বিবাহ রেজিস্ট্রার দ্বারা।

অন্য ধর্মাসারী, যেমন খ্রীষ্টান, বৌদ্ধ অথবা অন্যান্য ধর্মাসারীরা তাদের নিজ নিজ এলাকার বিবাহ রেজিস্ট্রার অথবা ধর্মযাজক যে বিবাহ সম্পন্ন করেছেন অথবা বিবাহ সম্পন্নের গির্জা/মন্দিরের প্রশাসন দ্বারা বিবাহ নিবন্ধন করবেন। বিবাহোত্তর কাগজপত্রের ধরণ আলাদা হলেও সম্পূর্ণ ধর্মাসারী আবেদনকারীর তথ্য সমূহ, বিবাহোত্তর অনুষ্ঠান, বিবাহ সম্পন্নকারী নিবন্ধকের পরিচয় বিষয়ক তথ্য অনুরূপ থাকবে।

বিশেষ বিবাহ আইন ১৮৭২ অনুযায়ী অধার্মিক বিবাহ সম্পর্কে জানতে এখানে ক্লিক করুনঃ

<http://bdlaws.minlaw.gov.bd>

বিশেষ দ্রষ্টব্যঃ আবেদনকারী, তার আত্মীয় অথবা পরিবারের কোন সদস্য থেকে **বিবাহের কোন শপথপত্র গ্রহণ করা হবে না।**